APPENDIX XVI

BENGALI VERSION OF TOOLS

## সেণ্টার অব এডভান্সড্ ষ্টাডি ইন এডুকেশন
## ফ্যাকাল্টি অব এডুকেশন এণ্ড সাইকোলজি
## এম, এস, ইউনিভার্সিটি অব বরোদা
## বরোদা—৩৯০০০২, ভারত

*প্রিয় ছাত্র/ছাত্রীবৃন্দ,*

বাংলাদেশে যে সকল ছাত্র ছাত্রী উচ্চ শিক্ষায় প্রবেশ করছে তাদের বৈশিষ্ট্যসমূহ এবং যারা উচ্চ শিক্ষায় যেতে পারছে না তাদের উচ্চ শিক্ষায় প্রবেশের পথে যে প্রতিবন্ধকগুলো কাজ করছে সেগুলো সম্পর্কে অনুসন্ধানের জন্য আমরা একটা গবেষণা কর্ম হাতে নিয়েছি। এই গবেষণার শিরোনাম হল "বাংলাদেশে উচ্চ শিক্ষায় প্রবেশ—ছাত্র ছাত্রীদের বৈশিষ্ট্যসমূহের অনুসন্ধান।" আমরা বিশ্বাস করি যে এই অনুসন্ধানের ফলগুলো বাংলাদেশের উচ্চ শিক্ষার নীতি প্রণয়ন, পাঠ্য ও সহ পাঠ্যক্রম বিষয়ে অধিকতর সুযোগ সুবিধা সৃষ্টি, উপদেশ ও নির্দেশনা কেন্দ্র স্থাপন, পরীক্ষা পদ্ধতির সংস্কার ইত্যাদিতে সহায়ক হবে। যেহেতু তোমরা হলে সেই সকল ছাত্র ছাত্রী যারা উচ্চ শিক্ষার জগতে প্রবেশ করবে আমরা তাই তোমাদের এবং তোমাদের পরিবার সম্পর্কে, তোমাদের আর্থ সামাজিক অবস্থা, বাড়ীর পরিবেশ, সহ পাঠ্যক্রম বিষয়ক আগ্রহ, আকাংখা ইত্যাদি সম্পর্কে কিছু তথ্য জানতে চাই। সুতরাং তোমাদের কাছে পূরণের জন্য কিছু ফরম/প্রশ্নমালা দিচ্ছি।

আমরা নিশ্চয়তা দিচ্ছি যে তোমাদের সরবরাহকৃত তথ্যাবলী সম্পূর্ণ গোপন রাখা হবে এবং কেবলমাত্র গবেষণার কাজে ব্যবহৃত হবে।

ধন্যবাদান্তে—

| | |
|---|---|
| *ডঃ পি. এম. বুচ* | *গোলাম সোবহানী চৌধুরী* |
| উপদেষ্টা | অনুসন্ধানকারী |

# সাধারণ তথ্য শীট

[ শূন্যস্থানগুলো পূরণ কর এবং যেখানে কয়েকটি বিকল্প দেওয়া আছে সেখানে যেটি তোমার ক্ষেত্রে প্রযোজ্য সেটিতে টিক ( ✓ ) চিহ্ন দাও ]

১. নাম : ডাকনাম (যদি থাকে) :

রোল নং : বিভাগ :

কলেজ :

২. ছাত্র/ছাত্রী :

৩. বর্তমান বয়স : বৎসর : মাস :

৪. পিতার নাম :

৫. স্থায়ী ঠিকানা :

গ্রাম/পাড়া : ডাকঘর :

ইউনিয়ন : উপজেলা :

জেলা :

৬. তোমার পিতা মাতা কোথায় বাস করেন ?

(ক) শহরে (খ) গ্রামে

৭. তুমি কোথায় থেকে পড়াশুনা করছো ?

(ক) পিতা-মাতার সাথে (খ) আত্মীয়ের সাথে

(গ) কলেজ ছাত্রাবাসে (ঘ) মেসে

(ঙ) জায়গীরে (চ) নিজস্ব ব্যবস্থায়

৮. জন্মের ক্রমানুসারে ভাই-বোনদের মধ্যে তোমার অবস্থান কত ?

অবস্থান :

৯. ভাই বোনের সংখ্যা :

ভাই : বোন :

১০. তোমাদের পরিবার একক না যৌথ (যৌথ পরিবার যেখানে দাদা, দাদী, চাচা, চাচী, ফুফু প্রমুখ একই পরিবারভুক্ত) ?

(ক) একক (খ) যৌথ

১১. তোমার বড় ভাই বোনদের শিক্ষাগত যোগ্যতা উল্লেখ কর :

| অবস্থান | ভাই না বোন ? | শিক্ষাগত যোগ্যতা | ছাত্র কিনা |
|---|---|---|---|
| প্রথম | | | |
| দ্বিতীয় | | | |
| তৃতীয় | | | |
| | | | |
| | | | |

১২. তোমার মাধ্যমিক পরীক্ষা পাশ সংক্রান্ত তথ্য ঃ

354 সন : রোল নং : মোট অর্জিত নম্বর :

স্কুলের নাম ঃ

স্কুলের ঠিকানা :

১৩. (ক) উচ্চমাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশের পর যে ঠিকানায় তোমাকে পাওয়া যাবে ঃ

গ্রাম/পাড়া : ডাকঘর ঃ

ইউনিয়ন : উপজেলা :

জেলা :

(খ) উপরোক্ত ঠিকানায় যাওয়ার সহজতম উপায় ঃ

ফরিদপুর থেকে ... ... ... ... ... ... ... ... ... ... ... ... করে ... ... ... ... ... ... ... ... ... ... পর্যন্ত

এর পর ... ... ... ... ... ... ... ... ... থেকে ... ... ... ... ... ... করে ... ... ... ... ... ... ... ... ... ... পর্যন্ত

এর পর ... ... ... ... ... ... ... ... ... থেকে ... ... ... ... ... ... করে ... ... ... ... ... ... ... ... ... ... পর্যন্ত

১৪. তোমার এমন দুজন আত্মীয়/বন্ধুর নাম লেখ যারা একাদশ শ্রেণী বা ১ম বর্ষ স্নাতক শ্রেণীতে পড়ে (ফরিদপুর শহরের কোন কলেজের হলে ভাল হয়) এবং উচ্চমাধ্যমিক পরীক্ষা পাশের পর তুমি কোথায় ভর্তি হলে সে সম্পর্কে বিস্তারীত তথ্য দিতে পারে।

| ক্রমিক নং | নাম (ডাকনাম সহ) | শ্রেণী | বিভাগ | রোল নং | কলেজ |
|---|---|---|---|---|---|
| ১ | | | | | |
| ২ | | | | | |

১৫. ফরিদপুর জেলার এমন দুজন শিক্ষকের (স্কুল বা কলেজের) নাম লেখ যারা তোমার সাথে কিংবা তোমার পরিবারের সাথে সু-পরিচিত ঃ

| ক্রমিক নং | নাম | বিভাগ | কলেজ/স্কুল |
|---|---|---|---|
| ১ | | | |
| ২ | | | |

# আর্থ সামাজিক অবস্থার স্কেল

**নাম :**

**রোল নং :** **বিভাগ :**

**কলেজ :**

**নিয়মাবলী :**

তোমার পিতামাতা ও পরিবার সম্পর্কে নীচে কয়েকটি প্রশ্ন দেয়া হল। আমাদের সমাজের আর্থ সামাজিক অবস্থা জানার জন্য এটি একটি জরিপ। এর উদ্দেশ্য হল আমাদের শিক্ষা ব্যবস্থার পরিকল্পনা ও আমাদের ছাত্র-ছাত্রীদের সুযোগ সুবিধা সৃষ্টির জন্য কিছু প্রয়োজনীয় সুপারিশ করা। তোমাকে সবকয়টি প্রশ্নের উত্তর তোমার জানামতে প্রদানের জন্য অনুরোধ করা হচ্ছে।

১. তোমার পিতা ও মাতার শিক্ষাগত যোগ্যতা সঠিক ঘরে টিক ( ✓ ) চিহ্ন দিয়ে উল্লেখ কর :

| শিক্ষাগত যোগ্যতা | পিতা | মাতা |
|---|---|---|
| ক. নিরক্ষর | | |
| খ. প্রাথমিক ( ১ম থেকে ৫ম শ্রেণীর মধ্যে ) | | |
| গ. মাধ্যমিক ( ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণীর মধ্যে ) | | |
| ঘ. মাধ্যমিক ( এস এস, সি/ম্যাট্রিক বা সমতুল্য ) পরীক্ষা পাশ | | |
| ঙ. উচ্চ মাধ্যমিক ( এইচ, এস, সি/ইন্টারমিডিয়েট বা সমতুল্য ) পরীক্ষা পাশ | | |
| চ. যে কোন ডিপ্লোমা (ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল, টেকনিক্যাল বা এগ্রিকালচার্যাল) | | |
| ছ. যে কোন ডিগ্রী ( পাশের ঘরে সর্বোচ্চ ডিগ্রী ও বিষয়ের নাম উল্লেখ কর )। | | |

২. তোমার পিতা ও মাতার পেশা উল্লেখ কর। নীচের 'ক' এর ক্ষেত্রে টিক ( ✓ ) চিহ্ন দাও আর 'খ' কিংবা 'গ' এর ক্ষেত্রে পাশের ঘরগুলোতে সুনির্দিষ্টভাবে উল্লেখ কর। ( তোমার পিতামাতার যে কোন একজন বা উভয়েই অবসরপ্রাপ্ত বা পরলোকগত হলে তাঁর সর্বশেষ পেশা উল্লেখ কর )।

| পেশা | | পিতা | মাতা |
|---|---|---|---|
| ক. বেকার/গৃহকর্ম | | | |
| খ. চাকুরী ( চাকুরীজীবী হলে পাশের ঘরগুলোতে সুনির্দিষ্টভাবে উল্লেখ কর )। | পদবী | | |
| | প্রতিষ্ঠান | | |
| | প্রতিষ্ঠানের ঠিকানা | | |
| গ. নিজস্ব স্বাধীন পেশা ( যেমন উকিল, ডাক্তার, ছোট/মাঝারী/বড় ব্যবসায়ী, নিজস্ব দোকানদারী, নিজের জমিজমা তদারক, কৃষক, কৃষি শ্রমিক, তাঁতি, রিক্সা-চালক, বা অন্য কিছু )। পাশের ঘরে সুনির্দিষ্টভাবে উল্লেখ কর। | | | |

৩. তোমার পরিবারের মোট মাসিক আয় ( সকল উৎস থেকে ) উল্লেখ কর । সঠিক ঘরে টিক ( ✓ ) চিহ্ন দাও ।

| | | | |
|---|---|---|---|
| ক. ৩০০ টাকার কম | | চ. ২৫০১ টাকা থেকে ৩৫০০ টাকার মধ্যে | |
| খ. ৩০০ টাকা থেকে ৫০০ টাকার মধ্যে | | ছ. ৩৫০১ টাকা থেকে ৫০০০ টাকার মধ্যে | |
| গ. ৫০১ টাকা থেকে ১০০০ টাকার মধ্যে | | জ. ৫০০১ টাকা থেকে ১০,০০০ টাকার মধ্যে | |
| ঘ. ১০০১ টাকা থেকে ১৫০০ টাকার মধ্যে | | ঝ. ১০,০০০ টাকার উপরে । | |
| ঙ. ১৫০১ টাকা থেকে ২৫০০ টাকার মধ্যে | | | |

৪. তোমাদের পরিবারের মোট কৃষি জমির পরিমাণ উল্লেখ কর। সঠিক ঘরে টিক ( ✓ ) চিহ্ন দাও।

| | | | |
|---|---|---|---|
| ক. নাই | | ঘ. ৫ একর থেকে ১০ একরের মধ্যে | |
| খ. ২ একরের কম | | ঙ. ১০ একরের উপরে। | |
| গ. ২ একর থেকে ৫ একরের মধ্যে | | | |

৫. তোমাদের বাড়ীর অবস্থান ও প্রকৃতি উল্লেখ কর। সঠিক ঘরগুলোতে টিক ( ✓ ) চিহ্ন দাও।

| অবস্থান | নিজস্ব | ভাড়া বা সরকারী | কাঁচা ঘর | মিশ্র ঘর | পাকা ঘর |
|---|---|---|---|---|---|
| গ্রাম | | | | | |
| শহর | | | | | |

৬. তোমাদের পরিবারে নিম্নোক্ত দ্রব্যগুলোর যে যে গুলো আছে সেগুলোতে টিক ( ✓ ) চিহ্ন দাও।

ক. কেরোসিন ষ্টোভ ... ... ... ... ... গ্যাস ষ্টোভ ... ... ... ... ... প্রেসার কুকার ... ... ... ... ...
বৈদ্যুতিক ওভেন ... ... ... ... ... ফ্রিজ ... ... ... ... ...

খ. রেডিও/ট্রানজিষ্টার ... ... ... ... ... ... টেপ রেকর্ডার ... ... ... ... টু-ইন-ওয়ান ... ... ... ...
থ্রি-ইন-ওয়ান ... ... ... ... ... ... ... রেকর্ড প্লেয়ার ... ... ... টেলিভিশন ( সাদা কালো ) ... ...
টেলিভিশন ( রঙিন ) ... ... ... ... ... ... ভি, সি, আর ... ... ...

গ. নৌকা ... ... ... ... ... ... ... গরু বা মহিষের গাড়ী ... ... ... ... ... ... সাইকেল ... ... ... ... ...
মটর সাইকেল ... ... ... ... ... মটরকার ... ... ... ... ...

ঘ. এলার্মওয়ালা ঘড়ি ... ... ... ... ... সেলাই মেশিন ... ... ... ... ... ক্যামেরা ... ... ... ... ...
বন্দুক ... ... ... ... ... ... ... ... টেলিফোন ... ... ... ... ... ... এয়ারকণ্ডিশনার ... ... ... ...

৭. তোমাদের পরিবারে নিম্নোক্ত বেতনভুক্ কর্মচারীদের কেউ থাকলে টিক ( ✓ ) চিহ্ন দিয়ে তা উল্লেখ কর।

ক. গৃহভৃত্য খ. আয়া গ. বাবুর্চী
ঘ. মালী ঙ. কৃষি শ্রমিক,

৮. তোমাদের পরিবার যদি নিম্নোক্ত পত্রপত্রিকার এক বা একাধিকের গ্রাহক হয়ে থাকে, তাহলে টিক ( ✓ ) চিহ্ন দিয়ে তা উল্লেখ কর।

ক. দৈনিক সংবাদপত্র
খ. সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক ম্যাগাজিন, জার্ণাল ইত্যাদি।

৯. সঠিক ঘরে টিক ( ✓ ) চিহ্ন দিয়ে নিম্নোক্ত প্রশ্নগুলোর উত্তর দাও।

| প্রশ্ন | হ্যাঁ | না |
|---|---|---|
| ক. তোমাদের পরিবারে কি কমপক্ষে ৫০টি বই এর (পাঠ্য বই বাদে) কোন লাইব্রেরী আছে? | | |
| খ. তোমার পিতা বা মাতা বা উভয়ই কি কোন শিক্ষা প্রতিষ্ঠানের কার্যকরী সংসদ/ম্যানেজিং কমিটির কর্মকর্তা বা সদস্য? | | |
| গ. তোমার পিতা বা মাতা বা উভয়েই কি কোন ক্লাব বা সাহিত্য বা সাংস্কৃতিক বা সামাজিক সংগঠনের কর্মকর্তা বা সদস্য? | | |

১০. তোমার পিতা ও মাতা যদি নিম্নোক্ত পদগুলোর কোনটি অধিকার করে থাকেন বা আছেন, তাহলে সঠিক ঘরে টিক ( ✓ ) চিহ্ন দিয়ে তা উল্লেখ কর।

| পদ | পিতা | মাতা |
|---|---|---|
| ক, ইউনিয়ন কাউন্সিলের সদস্য বা পৌরসভার কমিশনার। | | |
| খ, ইউনিয়ন কাউন্সিল বা পৌরসভার চেয়ারম্যান। | | |
| গ. জাতীয় সংসদের সদস্য | | |
| ঘ, মন্ত্রী বা উপদেষ্টা পরিষদের সদস্য। | | |
| ঙ. রাষ্ট্রপতি বা প্রধানমন্ত্রী। | | |

# বাড়ীর পরিবেশ নির্ধারক স্কেল

নাম :

রোল নং :                                                    বিভাগ :

কলেজ :

**নিয়মাবলী :**

নীচে তোমার বাড়ী, বাসস্থান এবং পিতা মাতা সম্পর্কে কয়েকটি বিবৃতি পাবে। তোমাকে নীচের তিনটি উত্তরের যে কোন একটি ব্যবহার করে নির্দেশ করতে হবে প্রতিটি বিবৃতি তোমার বাড়ী, বাসস্থান ও পিতা মাতাকে কতটা বর্ণনা করে :

১. সবসময় বা বহুল পরিমানে
২. মাঝে মাঝে বা কিছুটা
৩. কখনওনা বা মোটেই না

প্রতিটি বিবৃতির পাশে তিনটি ঘর আছে যা উপরোক্ত তিনটি উত্তরকে নির্দেশ করছে। যে উত্তরটি তুমি ঠিক করছো সে ঘরে টিক (✓) চিহ্ন দাও।

এটা কোন পরীক্ষা নয় এটা হল আমাদের ছাত্র ছাত্রীদের বাসস্থানে কি কি সুযোগ সুবিধা আছে তা জানার জন্য একটা জরিপমাত্র। যেহেতু সুযোগ সুবিধা ছাত্র-ছাত্রীভেদে পরিবর্তিত হয়, তাই এখানে শুদ্ধ উত্তর বা ভুল উত্তর বলতে কিছুই নেই। যা চাওয়া হচ্ছে তা হল এমন একটি উত্তর যা তোমার বাড়ীকে সঠিকভাবে বর্ণনা করে—এর সাহায্যে আমরা আমাদের ছাত্র-ছাত্রীদের সুযোগ সুবিধা প্রদানের জন্য কিছু সুপারিশ করতে চাই। লক্ষ্য রেখো, যাতে প্রতিটি বিবৃতির উত্তর দেয়া হয়, কোনটা যেন বাদ না পড়ে।

| বিবৃতি | সবসময় বা বহুল পরিমাণে | মাঝে মাঝে বা কিছুটা | কখনওনা বা মোটেইনা |
|---|---|---|---|
| ১. অন্যের সাথে আমাকে পাঠ্য বই ভাগ করে পড়তে হয়। | | | |
| ২. আমরা ভাই বোনেরা একে অপরের সাথে খুব ভালভাবে মিলেমিশে চলি। | | | |
| ৩, যে সকল সমস্যা আমার পড়াশুনার অগ্রগতি ব্যাহত করছে সে সম্পর্কে আমার পিতা মাতা আমার কাছ থেকে জানতে চান। | | | |
| ৪. এমনকি আমার পড়াশুনার সময়টাতেও আমাকে বিভিন্ন প্রকার কাজ যেমন বাজার করা, কাপড় ধোয়া, রান্না করা, ছোট ছোট ছেলে মেয়ে, রোগী, বৃদ্ধ ও অতিথিদের দেখাশুনা ইত্যাদি করতে হয়। | | | |
| ৫, আমি অসুস্থ থাকলেও আমার পিতামাতা নিরুদ্বিগ্ন থাকেন। | | | |
| ৬. নিয়মিত ভাবে কিছু সময় পড়াশুনায় ব্যয় করতে আমার পিতামাতা আমাকে অনুপ্রাণিত করেন। | | | |

| বিবৃতি | সবসময় বা বহুল পরিমাণে | মাঝে মাঝে বা কিছুটা | কখনওনা বা মোটেইনা |
|---|---|---|---|
| ৭. প্রয়োজনীয় চিকিৎসা সাহায্যের অভাব আমার পড়াশুনা ব্যাহত করছে। | | | |
| ৮. আমার কাজকর্ম সম্পর্কে আমাকে কোন সিদ্ধান্ত নিতে না দিয়ে আমার পিতামাতাই যাবতীয় সিদ্ধান্ত নেন। | | | |
| ৯. সহপাঠিদের চেয়ে পড়াশুনায় ভাল করতে আমার পিতামাতা আমাকে অনুপ্রাণিত করেন। | | | |
| ১০. প্রয়োজনে প্রাইভেট পড়ার জন্য আমার পিতামাতা আমাকে আর্থিক সহায়তা প্রদান করেন। | | | |
| ১১. আমার যুক্তিসংগত অনুরোধগুলোও আমার পিতা মাতা মানতে অস্বীকার করেন। | | | |
| ১২. আমার পিতামাতা নিজেদের মধ্যে আলাপ আলোচনা করেন কিভাবে সর্বোত্তম উপায়ে তাঁরা আমার পড়াশুনার অভীষ্ট লাভে সহায়তা করতে পারেন। | | | |
| ১৩. কলেজে আসা যাওয়া করতে যে দূরত্ব অতিক্রম করতে হয় তা আমার জন্য এক সমস্যা। | | | |
| ১৪. আমার পিতামাতা অন্যের উপস্থিতিতে আমাকে এমন কিছু বলেন না যা আমার সম্মানের হানি করতে পারে। | | | |
| ১৫. আগেভাগে আমার কাজের পরিকল্পনা করে তা অনুসরণের উপর আমার পিতামাতা গুরুত্ব আরোপ করেন। | | | |
| ১৬. আমার বাসস্থানে আমি পাঠ্য বই ছাড়াও সংবাদপত্র/ম্যাগাজিন/জার্ণাল ইত্যাদি পড়বার সুযোগ পাই। | | | |
| ১৭. আমার কোন কাজ যখন আমার মা অনুমোদন করেন কিন্তু আমার পিতা তা বাতিল করে দেন কিংবা এর উল্টোটি ঘটে, তখন তা আমার জন্য বিরাট চাপের কারণ হয়ে দাঁড়ায়। | | | |
| ১৮. পরীক্ষায় বেশী নম্বর পেলে আমার পিতামাতা আমার প্রশংসা করেন। | | | |
| ১৯. আমার বাসস্থানে অপর্যাপ্তস্থান এবং অন্যান্য সুযোগ সুবিধার (পড়ার জন্য চেয়ার, টেবিল, র‍্যাক ইত্যাদি) অভাব আমার পড়াশুনার অগ্রগতিকে ব্যাহত করছে। | | | |
| ২০. আমার বিভিন্ন সমস্যা কাটিয়ে উঠতে আমার পিতামাতা আমার সাথে খোলামেলা আলোচনা করে আমাকে সাহায্য করেন। | | | |
| ২১. আমি নিয়মিত কলেজে যাই কি না সে সম্পর্কে আমার পিতামাতা উদাসীন থাকেন। | | | |

॥ দুই ॥

| বিবৃতি | সবসময় বা বহুল পরিমাণে | মাঝে মাঝে বা কিছুটা | কখনওনা বা মোটেইনা |
|---|---|---|---|
| ২২. কলেজের বেতন পরিশোধ না করা কিংবা দেরীতে পরিশোধ করার কারণে আমি কলেজে অসুবিধার সম্মুখীন হই। | | | |
| ২৩. আমাদের পরিবারের সদস্যদের মধ্যে হৃদ্যতাপূর্ণ সম্পর্ক বিদ্যমান। | | | |
| ২৪. সাধারণ জ্ঞানের জন্য পাঠ্য বই ছাড়াও অন্যান্য বইপত্র, ম্যাগাজিন পড়তে আমার পিতামাতা আমাকে উৎসাহিত করেন। | | | |
| ২৫. আমার বাসস্থানে কিছু প্রতিকূল অবস্থা যেমন ঘন ঘন অতিথি আগমন, নানা রকম শব্দ ইত্যাদি পড়াশুনাতে আমার মনোযোগ দেয়ার অন্তরায় হয়ে দাঁড়ায়। | | | |
| ২৬. আমি আমার পরিবারের গোঁড়া/অতি আধুনিক জীবনযাত্রা প্রণালী অপছন্দ করি। | | | |
| ২৭. বিভিন্ন বিষয়ে আমার সবলতা এবং দুর্বলতা জানার জন্য আমার পিতামাতা আমার শিক্ষকদের সাথে যোগাযোগ করেন। | | | |
| ২৮. আমার পড়ালেখার জন্য পর্যাপ্ত জিনিষপত্র যেমন নোটখাতা, বায়োলজী বক্স, কলম ইত্যাদি আমি পাই। | | | |
| ২৯. যখন আমি আমার বাড়ী ও পরিবার থেকে দূরে থাকি তখনই সবচেয়ে ভাল থাকি। | | | |
| ৩০. পড়াশুনার ব্যাপারে মেধাবী ছাত্র-ছাত্রীদের সাহায্য নিতে আমার পিতামাতা আমাকে উৎসাহিত করেন। | | | |
| ৩১. অপ্রতুল আর্থিক অবস্থার কারণে আমাকে কলেজের সামাজিক অনুষ্ঠানসমূহ যেখানে চাঁদার প্রয়োজন হয় (যেমন পিকনিক, প্রমোদ ভ্রমণ ইত্যাদি) অংশগ্রহণ করা থেকে বিরত থাকতে হয়। | | | |
| ৩২. আমার বন্ধুবান্ধবদের বাড়ীতে নিয়ে আসাটাকে আমার পিতামাতা প্রশংসার চোখে দেখেন না। | | | |
| ৩৩. বিভিন্ন পাঠ্য বিষয়ে আমার দুর্বলতা নিয়ে আমার পিতামাতা আমার সাথে খোলাখুলি আলোচনা করেন। | | | |

# শিক্ষা সম্পর্কীয় স্পৃহার স্কেল

নাম :

রোল নং ঃ বিভাগ ঃ

কলেজ ঃ

---

নিয়মাবলী ঃ

তুমি হয়তো তোমার ভবিষ্যত শিক্ষা পরিকল্পনা নিয়ে চিন্তা ভাবনা করছো। নীচে কয়েকটি বিকল্প পরিকল্পনা দেওয়া হল। এগুলো থেকে তুমি তোমার জন্য যেটি ভাবছো তার পাশের বন্ধনীতে টিক (✓) চিহ্ন দাও।

---

আমি চাই

১, ( ) উচ্চ মাধ্যমিক পরীক্ষার আগেই জীবিকা গ্রহণ করতে।

২, ( ) উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশের পর পরই জীবিকা গ্রহণ করতে।

৩, ( ) উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশের পর কোন বৃত্তিমূলক প্রশিক্ষণ নিয়ে জীবিকা গ্রহণ করতে।

৪, ( ) উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশের পর মেডিক্যাল এসিষ্টান্ট স্কুল পাশ করে জীবিকা গ্রহণ করতে।

৫, ( ) উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশের পর পলিটেকনিক থেকে ডিপ্লোমা নিয়ে জীবিকা গ্রহণ করতে।

৬, ( ) উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশের পর জীবিকা গ্রহণ করতে এবং পরে সময় ও সুযোগমত স্নাতক ডিগ্রী (বি, এ,; বি, এস, সি,; বি, কম) নিতে।

৭, ( ) কেবলমাত্র স্নাতক ডিগ্রী লাভের পরই জীবিকা গ্রহণ করতে।

৮, ( ) স্নাতক ডিগ্রী লাভের পর জীবিকা গ্রহণ করতে এবং পরে সময় ও সুযোগমত স্নাতকোত্তর ডিগ্রী (এম, এ, এম, এস, সি,; এম, কম) নিতে।

৯, ( ) কেবলমাত্র স্নাতকোত্তর ডিগ্রী লাভের পরই জীবিকা গ্রহণ করতে।

১০, ( ) স্নাতকোত্তর ডিগ্রী লাভের পর জীবিকা গ্রহণ করতে এবং পরে যদি সুযোগ আসে তাহলে ডক্টরেট (পি, এইচ, ডি ; ডি, এস, সি) ডিগ্রী নিতে।

১১, ( ) কেবলমাত্র ডক্টরেট (পি, এইচ, ডি,; ডি, এস, সি) ডিগ্রী লাভের পরই জীবিকা গ্রহণ করতে।

১২, ( ) আইনে ডিগ্রী (এল, এল, বি) লাভের পর জীবিকা গ্রহণ করতে।

১৩. ( ) কৃষিতে ডিগ্রী (বি, এজি) লাভের পর জীবিকা গ্রহণ করতে।

১৪, ( ) চিকিৎসা শাস্ত্রে ডিগ্রী (এম, বি, বি, এস,; বি, ডি, এস) লাভের পর জীবিকা গ্রহণ করতে।

১৫, ( ) কেবলমাত্র চিকিৎসা শাস্ত্রে উচ্চতর ডিগ্রী (এফ, আর, সি, এস,; এম, আর, সি. পি) লাভের পরই জীবিকা গ্রহণ করতে।

১৬. ( ) প্রকৌশল শাস্ত্রে ডিগ্রী (বি, ই) লাভের পর জীবিকা গ্রহণ করতে।

১৭, ( ) কেবলমাত্র প্রকৌশল শাস্ত্রে উচ্চতর ডিগ্রী লাভের পরই জীবিকা গ্রহণ করতে।

১৮, ( ) চার্টার্ড একাউন্টেন্সী (সি, এ) শেষ করার পর জীবিকা গ্রহণ করতে।

# পেশাগত স্পৃহার স্কেল

নাম :

রোল নং :　　　　　　　　　　　　　　　বিভাগ :

কলেজ :

---

নিয়মাবলী :

তুমি নিশ্চয়ই তোমার ভবিষ্যত পেশা সম্পর্কে চিন্তা ভাবনা করছো। নীচে কয়েকটি পেশার একটি তালিকা দেয়া হল। এর যে কোন একটি বা একাধিক পেশাকে তুমি জীবিকা হিসেবে গ্রহণের কথা চিন্তা ভাবনা করতে পারো। প্রথমে তালিকাটি ভালভাবে পড়, তারপর এই তালিকা থেকে তোমার পছন্দের ক্রমানুসারে তিনটি পেশার নাম নীচে লেখ, যেগুলো তোমার শিক্ষা শেষ করে জীবিকা হিসেবে গ্রহণ করতে তুমি পছন্দ কর।

---

১. মাধ্যমিক স্কুল শিক্ষক
২. সেনাবাহিনীর অফিসার
৩. ক্লার্ক
৪. ইঞ্জিনিয়ার
৫. পিওন
৬. কুটনীতিবিদ বৈদেশিক সার্ভিসে
৭. নিজস্ব খুচরা ব্যবসা
৮. পোষ্টাল অফিসার
৯. প্রাইভেট ফার্মে নির্বাহী কর্মকর্তা
১০. রেলওয়ে অফিসার
১১. নিজস্ব দোকান
১২. সহকারী পুলিশ সুপার
১৩. শিল্পপতি
১৪. নার্স
১৫. খাদ্য নিয়ন্ত্রক
১৬. কৃষিবিদ
১৭. সাব ইন্সপেক্টর অফ পুলিশ
১৮. কলেজ শিক্ষক
১৯. বিমান বাহিনীর অফিসার
২০. বাস/ট্রাক ড্রাইভার
২১. বড় কোম্পানীর বিক্রয় প্রতিনিধি
২২. বিজ্ঞানী
২৩. প্রাথমিক স্কুল শিক্ষক
২৪. সেকশন অফিসার
২৫. গ্রন্থাগারিক
২৬. বিচারক
২৭. টেলিফোন অপারেটর
২৮ সাংবাদিক
২৯. বিশ্ববিদ্যালয় শিক্ষক
৩০. সেনাবাহিনীর সেপাই
৩১. এডভোকেট
৩২. ডিপ্লোমা ইঞ্জিনিয়ার
৩৩. ইনকাম ট্যাক্স অফিসার
৩৪. ষ্টেনো টাইপিষ্ট
৩৫. নৌবাহিনীর অফিসার
৩৬. একাউন্ট্যান্ট
৩৭. ডাক্তার
৩৮. নগ্ন পদ ডাক্তার
৩৯. ডেপুটি ম্যাজিষ্ট্রেট
৪০. কাষ্টম অফিসার
৪১. মেকানিক
৪২. ব্যাংক অফিসার
৪৩. অর্থনীতিবিদ

প্রথম পছন্দ :
দ্বিতীয় পছন্দ :
তৃতীয় পছন্দ :

# সহ পাঠ্যক্রম বিষয়ক আগ্রহ অনুসূচী

নাম ঃ

রোল নং ঃ বিভাগ ঃ

কলেজ ঃ

**নিয়মাবলী ঃ**

নীচে তোমার সহ পাঠ্যক্রম বিষয়ে আগ্রহ সম্পর্কে কয়েকটি প্রশ্ন পাবে। প্রতিটি প্রশ্নের কয়েকটি বিকল্প উত্তর দেয়া আছে। তোমাকে টিক ( √ ) চিহ্ন দিয়ে একটি উত্তর বেছে নিতে হবে।

এটি কোন পরীক্ষা নয় আমাদের ছাত্র-ছাত্রীদের আগ্রহের ধারা জানার জন্য একটি জরিপ মাত্র। যেহেতু আগ্রহ ছাত্র-ছাত্রী ভেদে পরিবর্তিত হয়, তাই এগুলোর কোন সঠিক বা ভুল উত্তর বলতে কিছু নেই। যা চাওয়া হচ্ছে তা হল এমন একটি উত্তর যা তোমার আগ্রহকে সঠিকভাবে তুলে ধরবে। এই জরিপের সাহায্যে আমরা আমাদের ছাত্র-ছাত্রীদের জন্য সুযোগ সুবিধা সৃষ্টি করার ব্যাপারে কিছু প্রয়োজনীয় পরামর্শ রাখতে চাই।

১। তুমি কি দৈনিক সংবাদপত্র পড় ?

ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

তোমার উত্তর হ্যা সুচক হলে দৈনিক সংবাদপত্র পড়ার সময় তুমি সাধারণতঃ কোনগুলো পড় ?

১) শুধুমাত্র সংবাদ শিরোনামে চোখ বুলাই
২) খেলাধুলার পাতায় দৃষ্টিপাত করি
৩) জাতীয়/আন্তর্জাতিক ঘটনাবলীতে মনোনিবেশ করি
৪) রাজনৈতিক সংবাদ ও মতামত পাঠ করি
৫) সম্পাদকীয়/উপসম্পাদকীয় পাঠ করি।

২. তুমি কি সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক পত্র পত্রিকা/ম্যাগাজিন ইত্যাদি পড় ?

ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

২. পাঠ্য পুস্তক ছাড়া অন্যান্য বই পড়তে তুমি কি ভালবাস ?

ক) হ্যা খ) না

তোমার উত্তর হ্যা হলে, নিম্নোক্ত-শ্রেণীর বইগুলোর মধ্যে কোনগুলো পড়তে এবং কি পরিমাণে পড়তে ভালবাস ?

| | অধিক পরিমাণে | কিছুটা | মোটেই না |
|---|---|---|---|
| ১. রোমাঞ্চকর কাহিনী | | | |
| ২. সামাজিক উপন্যাস | | | |
| ৩. সাধারণ জ্ঞানের বই | | | |
| ৪. প্রবন্ধ/জীবনী গ্রন্থ | | | |
| ৫. দর্শন/অর্থনীতি/রাজনীতি/ইতিহাস/সামাজিক সমস্যা সংক্রান্ত বই। | | | |

৪. তুমি কি ফুটবল, ক্রিকেট, হকি, ভলিবল, কাবাডি ইত্যাদির মত আউটডোর খেলা খেলো ?

ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৫. তুমি কি আন্তঃক্রীড়া ( যেমন দাবা, ক্যারাম, টেবিল টেনিস ইত্যাদি, খেলো ?

ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৬. তুমি কি কোন খেলাধূলার অনুশীলন কর ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৭. তুমি কি তোমার কলেজের এ্যাথলেটিক প্রতিযোগিতায় অংশ নাও ?
ক) হ্যা খ) না

৮. স্থানীয় বা জাতীয় পর্যায়ে আয়োজিত কোচিং/ট্রেনিং ক্যাম্পে তুমি কি তোমার পছন্দসই কোন খেলাধূলার প্রশিক্ষণ নিতে আগ্রহী ?
ক হ্যা খ) না

৯. তুমি কি তোমার কলেজে বা এলাকায় খেলাধূলার আয়োজনে অংশ নিয়ে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

১০. তুমি কি মাঠে গুরুত্বপূর্ণ খেলাধূলা দেখে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ না

১১. তুমি কি রেডিও/টেলিভিশনে খেলার রিলে শুনে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

১২. তুমি কি কোন ক্রীড়া বিষয়ক ম্যাগাজিন বা দৈনিক সংবাদপত্রের খেলাধূলার পাতা পড় ?
ক) নিয়মিত খ, মাঝেমাঝে গ) না

১৩. তুমি কি খ্যাতনামা খেলোয়াড়দের বা বিভিন্ন খেলাধূলার রেকর্ড/তথ্য ইত্যাদি সংরক্ষণ কর ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

১৪. খেলাধূলায় উপর প্রকাশিত বিভিন্ন বই বা পত্র পত্রিকা পড়ে তুমি কি বিভিন্ন খেলাধূলার নিয়মকানুন সম্পর্কে অবহিত হতে চেষ্টা কর ?
ক নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

১৫. তুমি কি কবিতা, ছড়া, গল্প ইত্যাদি লেখে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

১৬. তুমি কি বিতর্ক প্রতিযোগিতায় অংশ নিয়ে থাকে ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

১৭. তুমি যদি জানতে পার যে তোমাদের কলেজে, পাড়ায় বা কাছাকাছি কোন স্থানে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে, তাহলে তুমি কি তা শুনতে যাও ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

১৮. তুমি কি রেডিও/টেলিভিশনে বিতর্ক প্রতিযোগিতা শুনে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

১৯. তুমি কি তোমার কলেজে, পাড়ায় বা কোন সংগঠনে বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

২০. তুমি কি সাহিত্য বিষয়ক আলোচনায় অংশ নিয়ে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

২১. তুমি যদি জানতে পার যে তোমাদের কলেজে, পাড়ায় বা কাছাকাছি কোন স্থানে সাহিত্য বিষয়ক আলোচনা অনুষ্ঠিত হচ্ছে বা কোন খ্যাতনামা ব্যক্তি বক্তৃতা দিচ্ছেন, তাহলে তা শুনার জন্য তুমি কি সেখানে যাও ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

২২. তুমি কি কোন দেওয়াল পত্রিকা তৈরীতে অংশ নিয়ে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

২৩. বিভিন্ন উপলক্ষে তুমি কি সংকলন, স্মারক, ম্যাগাজিন ইত্যাদি প্রকাশে অংশ নিয়ে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

॥ দুই ॥

২৪. তুমি কি তোমার পঠিত বিষয় থেকে সুচিন্তিত কোন অভিমত/উদ্ধৃতি নোটখাতা বা ডায়রীতে টুকে রাখো ?

ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

২৫. তুমি কি গান গাইতে বা বাদ্যযন্ত্র বাজাতে পছন্দ কর ?

ক) হ্যাঁ খ) না

তোমার উত্তর হ্যাঁ হলে,

(১) তুমি কি কোন শিক্ষক বা স্কুল থেকে তা শিখেছো বা শিখছো ?

ক) হ্যাঁ খ) না

(২) তুমি কি তা নিয়মিত অনুশীলন করে থাকো ?

ক) হ্যাঁ খ) না

৩) তুমি কি স্বরলিপি সংগ্রহ কর ?

ক) হ্যাঁ খ) না

(৪) তুমি কি কোন অনুষ্ঠানে, রেডিও বা টেলিভিশনে গান গাও বা বাদ্যযন্ত্র বাজাও ?

ক) হ্যাঁ খ) না

২৬. তুমি কি রেডিও, টেলিভিশন বা মঞ্চে গান বা বাজনা শুনতে পছন্দ কর ?

ক) হ্যাঁ খ) না

২৭. তুমি কি তোমার প্রিয় সংগীত শিল্পী—তাঁর জীবন, ষ্টাইল ইত্যাদি সম্পর্কে জানতে আগ্রহী ?

ক) হ্যাঁ খ) না

২৮. তোমার প্রিয় গান/বাজনাগুলোর কোন সংগ্রহ ( যে কোন রূপে ) কি তোমার কাছে আছে ?

ক) হ্যাঁ খ) না

২৯. তুমি কি সংগীতের উপর বই পড়ে থাকো ?

ক) হ্যাঁ খ) না

৩০. তুমি কি নাচতে পছন্দ কর ?

ক) হ্যাঁ খ) না

তোমার উত্তর হ্যাঁ হলে,

তুমি কি কোন নাচের স্কুল বা নৃত্য শিক্ষকের কাছ থেকে তা শিখেছো বা শিখছো ?

ক) হ্যাঁ খ) না

৩১. তুমি কি মঞ্চ বা টেলিভিশনে নাচ দেখতে পছন্দ কর ?

ক) হ্যাঁ খ) না

৩২. তুমি কি নাটকে অভিনয় কর ?

ক) হ্যাঁ খ না

৩৩ তুমি কি অভিনয় বা নাটক মঞ্চায়নের ব্যাপারে কোন প্রশিক্ষণ নিয়েছো বা নিতে আগ্রহী ?

ক) হ্যাঁ খ) না

৩৪. তুমি কি নাটক মঞ্চায়নের সময় এর পরিচালনা, আলোক সম্পাত, শব্দ সংযোজনা, মঞ্চসজ্জা ইত্যাদি কোন না কোন কাজে অংশ নিয়ে থাকো ?

ক) হ্যাঁ খ) না

৩৫. তুমি কি মঞ্চে বা টেলিভিশনে নাটক দেখতে পছন্দ কর ?

ক) হ্যাঁ খ) না

৩৬. তুমি কি নাটকের ইতিহাস, নাট্য আন্দোলন, নাটক মঞ্চায়ন ইত্যাদির উপর বইপত্র ম্যাগাজিন ইত্যাদি পড়ে থাকো ?

ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

॥ তিন ॥

৩৭. তুমি কি তোমার কলেজে, পাড়ায় বা ক্লাবে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনে অংশ নিয়ে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৩৮. তুমি কি কোথাও গেলে চিত্র বা শিল্পকলা প্রদর্শনী, আর্টগ্যালারী, যাদুঘর ইত্যাদি পরিদর্শন করতে পছন্দ কর ?
ক) পছন্দ করি খ) কিছুটা পছন্দ করি গ) না

৩৯. তুমি কি তোমার কলেজে কিংবা বিজ্ঞান ক্লাবে 'বিজ্ঞান প্রজেক্ট' তৈরী করে থাক ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৪০. তুমি তোমার প্রজেক্ট নিয়ে বিজ্ঞান মেলা/প্রদর্শনীতে অংশ নিয়ে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৪১. তুমি কি বিজ্ঞান মেলা/প্রদর্শনী দেখতে যাও ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৪২. তুমি কি বিজ্ঞান মেলা/প্রদর্শনীর আয়োজনে অংশ নিয়ে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৪৩. তুমি কি তোমার কলেজে বা এলাকায় বিজ্ঞান ক্লাব সংগঠিত করে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৪৪. তুমি কি বৈজ্ঞানিক প্রতিষ্ঠানসমূহ যেমন চিড়িয়াখানা, বোটানিক্যাল গার্ডেন, বিজ্ঞান যাদুঘর, আনবিক শক্তিকেন্দ্র ইত্যাদি পরিদর্শন করতে পছন্দ কর ?
ক) পছন্দ করি খ) কিছুটা পছন্দ করি গ) না

৪৫. তুমি কি তোমার বাসায়/এলাকায় ছোটখাট বৈদ্যুতিক ত্রুটি মেরামত করে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৪৬ তুমি কি বিভিন্ন কলকব্জা নিয়ে পরীক্ষা নিরীক্ষা করে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৪৭, বিজ্ঞান প্রজেক্টের উপর তুমি কি বইপত্র পড়ে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৪৮, তুমি কি বিজ্ঞানের বিভিন্ন বিষয়ের উপর বইপত্র ম্যাগাজিন ইত্যাদি পড়ে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৪৯, তুমি কি বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর ( BNCC ) এর সদস্য ?
ক) হ্যা খ) না

৫০, তুমি কি বিএনসিসি ( BNCC ) এর প্রশিক্ষণে যোগ দিয়ে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৫১, তুমি কি স্কাউট ছিলে বা আছো ?
ক) হ্যা খ) না

৫২. তুমি কি স্কাউট ক্যাম্পে যোগ দিয়ে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৫৩. প্রাকৃতিক দুর্যোগের সময় তুমি কি ত্রাণ কাজে অংশ নিয়ে থাকে ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৫৪, তুমি কি প্রাকৃতিক দুর্যোগের সময় তহবিল ও কাপড় চোপড় সংগ্রহের কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৫৫. তুমি কি "নিরক্ষরতা দূরীকরণ" অভিযানে অংশ নিয়ে থাকো ?
ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

॥ চার ॥

৫৬. তুমি কি বনভোজন, শিক্ষাভ্রমণ, শিক্ষক বা বন্ধুর বিদায় সংবর্ধনা ইত্যাদি কাজ সংগঠনে অংশ নিয়ে থাকো ?

ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৫৭. তুমি কি কোন স্বেচ্ছাসেবী সংগঠন যেমন বিভিন্ন ক্লাব, রেডক্রস সোসাইটি ইত্যাদি এর সদস্য ?

ক) হ্যা খ) না

৫৮. তুমি কি প্রাথমিক চিকিৎসা/অগ্নি নির্বাপন/বেসামরিক প্রতিরক্ষা ইত্যাদিতে কোন প্রশিক্ষণ নিয়েছো ?

ক) হ্যা খ) না

৫৯. তুমি কি তোমার এলাকার দুঃস্থ বা অসুস্থ ব্যক্তিদের দেখতে যাও ?

ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

৬০. তুমি কি তোমার এলাকায় সমাজ সেবামূলক কাজ যেমন নিরক্ষরদের জন্য চিঠি লেখা, বৃদ্ধদের বা রোগীদের জন্য ঔষধপত্র আনা বা বাজার করা ইত্যাদি করে থাকো ?

ক) নিয়মিত খ) মাঝেমাঝে গ) না

# প্রাতিষ্ঠানিক অভিযোজনা অনুসূচী

নাম :

রোল নং :　　　　　　　　　　　বিভাগ :

কলেজ :

নিয়মাবলী :

নীচে তোমার কলেজ সম্পর্কে কয়েকটি বিবৃতি পাবে। এই বিবৃতিগুলোর মাধ্যমে আমরা জানতে চাই তোমার কলেজ তোমাকে কতটা সুখী ও সফল করতে চেষ্টা করছে। এই সকল বিবৃতির সাথে 'একমত' বা 'ভিন্নমত' প্রকাশ করে জবাব দেবার জন্য তোমাকে অনুরোধ করা হচ্ছে।

যেহেতু এটি কোন পরীক্ষা নয়, কাজেই শুদ্ধ বা ভুল উত্তর বলতেও এতে কিছু নেই। প্রতিটি বিবৃতির পাশে তিনটি ঘর দেয়া আছে—যা তিনটি উত্তর যথা 'একমত', 'ভিন্নমত' ও 'অপারগ' নির্দেশ করছে। তোমাকে যথাযথ ঘরে টিক (✓) চিহ্ন দিয়ে এই বিবৃতিগুলোর কোন্ কোন্টির সাথে তুমি 'একমত' ও 'ভিন্নমত' পোষণ কর তা নির্দেশ করতে হবে। প্রতিটি বিবৃতির সাথেই হয় 'একমত' না হয় 'ভিন্নমত' পোষণ করতে চেষ্টা কর। যদি একান্তই সিদ্ধান্ত নিতে না পার, তাহলেই কেবলমাত্র 'অপারগ' ঘরে টিক চিহ্ন দাও। প্রতিটি বিবৃতির উত্তর দাও।

| বিবৃতি | একমত | ভিন্নমত | অপারগ |
|---|---|---|---|
| ১. কলেজে আমাদের যে সকল বিষয় পড়ানো হয় তার সবগুলোই আমি পছন্দ করি। | | | |
| ২. প্রতিটি ব্যাপারে আমার সহপাঠিরা আমার সাথে সহযোগিতা করে না। | | | |
| ৩. আমি আমার সকল শিক্ষককেই হাসি খুশী ও মধুর দেখতে পাই। | | | |
| ৪. আমি মনে করি যে কলেজের রুটিন আমার জন্য সুবিধাজনক নয়। | | | |
| ৫. আমি মনে করি বর্তমান পরীক্ষা পদ্ধতিতে প্রতিভার যথাযথ যাচাই হয় না। | | | |
| ৬. কলেজে আমার একদল বন্ধু আছে যাদের সাথে সাধারণতঃ আমি পাঠ্য বিষয় ও অন্যান্য কৌতুহলোদ্দীপক ব্যাপার নিয়ে আলোচনা করি। | | | |
| ৭. আমার মনে হয় ক্লাশে যখন আমি কোন প্রশ্ন জিজ্ঞাসা করি তখন কিছু কিছু শিক্ষক বিরক্ত হন। | | | |
| ৮. আমার মতে কলেজে আমাদের কাছ থেকে যে সকল ফি নেয়া হয় তা যুক্তিসংগত। | | | |
| ৯. কলেজে আমার অগ্রগতি নিয়ে আমি সন্তুষ্ট। | | | |
| ১০. আমার অধিকাংশ সহপাঠিই আমার বন্ধুত্বের অনুপযুক্ত। | | | |

| বিবৃতি | একমত | ভিন্নমত | অপারগ |
|---|---|---|---|
| ১১. আমার শিক্ষকদের কাছ থেকে আমি উৎসাহ ও অনুপ্রেরণা পাই। | | | |
| ১২. কোন কোন ক্লাশে একটা সুবিধাজনক/আরামদায়ক সিট পাওয়া কষ্টকর হয়ে পড়ে। | | | |
| ১৩. ক্লাশে যখন শিক্ষক পড়ান তখন মাঝে মাঝে আমি অন্য কোন কিছু যেমন গল্পের বই পড়া, ছবি আঁকা, চিঠি পত্র লেখা বা সহপাঠিদের সাথে ফিস ফিস করা ইত্যাদিতে নিয়োজিত থাকি। | | | |
| ১৪. আমার মনে হয় আমার সহপাঠিরা সাধারণতঃ আমার সাথে উঠাবসা করতে আগ্রহী। | | | |
| ১৫. সাধারণতঃ আমি দেখতে পাই যে আমার শিক্ষকরা তাদের প্রিয় ছাত্র ছাত্রীদের প্রতি পক্ষপাতিত্ব করেন। | | | |
| ১৬. কলেজ লাইব্রেরী থেকে আমি সহজেই আমার পছন্দমত বই পাই। | | | |
| ১৭. কলেজে আমাদের ক্লাশগুলো আকর্ষণীয় হয়। | | | |
| ১৮. কলেজের অন্যান্য ছাত্র ছাত্রীদের সাথে মিশতে আমি লজ্জা পাই বা দ্বিধাবোধ করি। | | | |
| ১৯. আমার ব্যক্তিগত বিষয় বা সমস্যা নিয়ে আমার শিক্ষকদের কাছে যেতে আমি দ্বিধা করি না। | | | |
| ২০. আমার মনে হয় আমাদের কলেজের ক্যান্টিন সুবিধা/ভাল নয়। | | | |
| ২১. ক্লাশ যখন চলতে থাকে তখন মাঝে মাঝে আমি অন্য চিন্তায় মগ্ন হয়ে পড়ি বা আমার ঘুম পায়। | | | |
| ২২. কলেজের ছাত্র-ছাত্রীদের সংগ আমি উপভোগ করি। | | | |
| ২৩. আমার মনে হয় আমাদের বিভিন্ন সমস্যা সমাধানে সাহায্য করতে আমার কিছু কিছু শিক্ষক ইচ্ছুক নন। | | | |
| ২৪. এই কলেজ ত্যাগ বা বদলাবার কথা আমি প্রায়ই ভাবি। | | | |
| ২৫. যে সকল বিষয় একটু কঠিন বা নীরস সে সকল বিষয়ের ক্লাশে অনুপস্থিত থাকার চেয়ে ক্লাশে থেকে তা বুঝতেই আমি বেশী পছন্দ করি। | | | |
| ২৬. আমার সহপাঠিরা খামোকা আমাকে নিয়ে হাসাহাসি করে। | | | |
| ২৭. আমার সকল শিক্ষকই আমাকে পছন্দ করেন। | | | |
| ২৮. আমি মনে করি আমাদের উন্নতি সাধনে কলেজ প্রচুর সুযোগ দিচ্ছে। | | | |

| বিবৃতি | একমত | ভিন্নমত | অপারগ |
|---|---|---|---|
| ২৯. অধিকাংশ ক্লাশেই কি পড়ানো হয় তা বুঝা আমার পক্ষে খুবই কঠিন। | | | |
| ৩০. আমার ব্যক্তিগত সমস্যা নিয়ে আমার কিছু সংখ্যক সহপাঠির সাথে কথাবার্তা বলি। | | | |
| ৩১. আমাদের কলেজের যে কোন শিক্ষকের সামনেই আমি অস্বস্তি বোধ করি। | | | |
| ৩২. আমি মনে করি আমাদের কলেজে কিছু অনিয়ম ও অব্যবস্থা বিদ্যমান। | | | |
| ৩৩. যখন কিছু সংখ্যক ছাত্র-ছাত্রী ক্লাশে বিশৃংখলা সৃষ্টি করে তখন আমি বিরক্ত বোধ করি। | | | |
| ৩৪. আমার মনে হয় আমার কলেজের কিছু সংখ্যক ছাত্র-ছাত্রী আমার প্রতি শত্রুভাবাপন্ন এবং তারা আমার ক্ষতি করতে সচেষ্ট। | | | |
| ৩৫. সাধারণভাবে আমি আমার শিক্ষকদের পড়ানোর পদ্ধতি পছন্দ করি। | | | |
| ৩৬. অবসর সময়ে আমাদের প্রয়োজন মেটাবার পক্ষে কলেজে সন্তোষজনক ব্যবস্থা আছে। | | | |
| ৩৭. ক্লাশে কিছু সময় পরই আমি সাধারণতঃ অস্থির ও অস্বস্তি বোধ করি। | | | |
| ৩৮. কলেজে ছাত্র-ছাত্রীদের ব্যাপক সমাবেশ থাকা সত্বেও আমি নিঃসংগ বোধ করি। | | | |
| ৩৯. আমার বিষণ্ণতার মুহূর্তগুলোতে আমি প্রথমেই প্রয়োজনীয় উপদেশের জন্য আমার শিক্ষকদের কাছে যাওয়াটাকে পছন্দ করি। | | | |
| ৪০. কলেজে বিদ্যমান পরিবেশে আমি পূর্ণমাত্রায় আমার ছাত্র জীবন উপভোগ করছি। | | | |

# বাক্য পূরণ অভিক্ষা

বি. এন. মুখার্জী
ইণ্ডিয়ানা বিশ্ববিদ্যালয়, যুক্তরাষ্ট্র

নাম :

রোল নং :　　　　　　　　　　　　　　　　বিভাগ :

কলেজ :

---

**নিয়মাবলী :**

পরবর্তী পৃষ্ঠাগুলোতে কয়েকটি অসম্পূর্ণ বাক্য পাবে। প্রতিটি বাক্যই প্রদত্ত বিকল্পগুলোর যে কোন একটির সাথে সংযুক্ত করে অর্থপূর্ণভাবে সম্পূর্ণ করা যায়। লক্ষ্যনীয় যে প্রদত্ত তিনটি উত্তরের প্রতিটিই অসম্পূর্ণ বাক্যগুলোকে অর্থপূর্ণ ও সম্পূর্ণ করার জন্য সমভাবে সঠিক। যেহেতু এটি তোমার বুদ্ধিমত্তা কিংবা ভাষাজ্ঞানের কোন পরীক্ষা নয়, সুতরাং এখানে শুদ্ধ বা ভুল উত্তর বলতেও কিছুই নেই। তোমাকে এমন দুটি উত্তর বেছে নিতে হবে, তোমার বর্তমান পছন্দ ও ধারণার সাথে যার একটি সবচেয়ে বেশী খাপ খায় এবং অপরটি সবচেয়ে কম খাপ খায়। নীচের উদাহরণটি লক্ষ্য কর :

আমি পছন্দ করি

ক. জিনিষপত্র পরিষ্কার ও গুছিয়ে রাখতে।
খ. আমার বন্ধুদের জন্য কোন কিছু করতে।
গ. এমন সব কাজে হাত দিতে যাতে দক্ষতার প্রয়োজন হয়।

এ সকল উত্তরের কোনটি তোমার পছন্দকে সবচেয়ে বেশী বর্ণনা করে? তুমি যদি অন্য দুটি কাজের চেয়ে 'জিনিষপত্র পরিষ্কার ও গুছিয়ে রাখতে' বেশী পছন্দ কর, তাহলে তোমাকে 'ক' অক্ষরে টিক (✓) চিহ্ন দিতে হবে। তুমি সবচেয়ে কম যা পছন্দ কর তা বর্ণনাকারী উত্তরের পাশের অক্ষরে কাটা (X) চিহ্ন দাও।

পরবর্তী পৃষ্ঠাগুলোতে প্রদত্ত অসম্পূর্ণ বাক্যগুলো উপরোক্ত উদাহরণের মতই। তোমার বৈশিষ্ট্যসমূহ সবচেয়ে ভালভাবে বর্ণনাকারী উত্তরের পাশের অক্ষরে টিক (✓) চিহ্ন দাও। সেই উত্তরের পাশের অক্ষরে কাটা (X) চিহ্ন দাও যা তোমাকে সবচেয়ে কম বর্ণনা করে।

লক্ষ্য কর যে বর্তমানে তুমি কি পছন্দ কর বা ভাবো তার উপর ভিত্তি করেই তোমার উত্তর হওয়া উচিত। তোমার কি ভাবা উচিৎ বা কি অনুভব করা উচিৎ বলে তুমি চিন্তা কর তার উপর ভিত্তি করে নয়।

সব কয়টি বাক্যই সম্পূর্ণ কর, কোনটিই বাদ দিও না।

---

১. আমি পছন্দ করি
ক) আমার বন্ধু ও সহকর্মীদের প্রতি বিশ্বস্ত থাকতে।
খ) আমার কাজে খুব নিয়মানুগ (Systematic) হতে।
গ) যে কাজেই আমি হাত দেইনা কেন তাতে সবচেয়ে ভাল করতে।

২. কোন কাজ সম্পাদন করতে আমি পছন্দ করি
ক) পরিপাটি ও পরিচ্ছন্ন হতে।
খ) অন্যদের চেয়ে অনেক ভালভাবে তা করতে।
গ) নির্দিষ্ট সময়ের আগেই তা শেষ করতে।

৩. আমার ইচ্ছা সব সময়ই আমি যাতে
ক) দুঃসাধ্য কোন কিছু করতে সফল হই।
খ) বন্ধুদের প্রতি উদার হই।
গ) গরীব ও রোগীদের প্রতি সহানুভূতিশীল হই।

৪. দলবদ্ধভাবে কাজ করার সময় আমি কামনা করি
ক) নেতৃত্ব গ্রহণ করতে।
খ) একইরূপ কাজে অন্যদের চেয়ে শ্রেষ্ঠতর হতে।
গ) সব কিছুই একটি সুবিন্যস্ত কায়দায় সম্পন্ন করতে।

৫. আমার জীবনের লক্ষ্য হল

ক) সাফল্যজনক কৃতিত্বের দীর্ঘ তালিকা তৈরী করা।
খ) আমার জাতির সেবা করা।
গ) সমাজে উচ্চ মর্যাদা লাভ করা।

৬. আমি প্রায়ই আকাংখা করি

ক) দরিদ্রদের অবস্থার উন্নয়নের একজন নীরব কর্মী হতে।
খ) খুব তাৎপর্যপূর্ণ কিছু করাতে সফল হতে।
গ) ঈশ্বরের সত্যিকার একজন ভক্ত হতে।

৭. আমার মতে আনন্দ ও সুখের জন্য কোন ব্যক্তিকে অবশ্যই ··· ··· ···

ক) পরোপকারী হতে হবে।
খ জীবন ধারণের জন্য ন্যূনতম প্রয়োজনীয় উপাদানগুলো পেতে হবে।
গ) সাফল্যের তালিকাকে সমৃদ্ধ করতে হবে।

৮. আমি জানতে চাই ··· ··· ···

ক) পরকালে মুক্তি লাভের সহজতম পথ।
খ) যে কাজেই আমি হাত দেই তাতে কিভাবে সফল হতে পারি।
গ সম্পদ লাভের সৎ উপায়।

৯. আমি পছন্দ করি ··· ··· ···

ক) গল্প, রোমাঞ্চ ও ভ্রমণ কাহিনী পড়তে।
খ) পৃথিবীর বিভিন্নস্থান ভ্রমণ করতে।
গ) আমার ভবিষ্যত পেশা সম্পর্কে চিন্তা করতে।

১০. আমি বিশ্বাস করি আমার জন্য সম্ভব ··· ···

ক) একজন স্বীকৃত বিশেষজ্ঞ হওয়া
খ) সামাজিক মর্যাদা লাভ করা।
গ) আমার হাতে পর্যাপ্ত ক্ষমতা পাওয়া।

১১. আমি প্রায়ই ইচ্ছা করি ··· ···

ক) একজন জনপ্রিয় সামাজিক সংস্কারক হতে।
খ) একজন মহান রাজনৈতিক নেতা হতে।
গ) মহৎ তাৎপর্যের কিছু একটা করতে।

১২. আমি খুব ঐকান্তিক ··· ··· ···

ক) বিশ্বস্ত হওয়া সম্পর্কে।
খ) যারা সত্যিকার সাহায্য লাভের যোগ্য তাদের সাহায্য করা সম্পর্কে।
গ) আমার নিজস্ব পেশায় একজন মহৎ ব্যক্তি হওয়া সম্পর্কে।

১৩. আমি নিজেকে তাদের চেয়ে ভাল মনে করি ··

ক) যাদের জীবনে কোন লক্ষ্য নেই।
খ) যারা স্বভাবে অসামাজিক।
গ) যারা দায়িত্বহীন।

১৪. আমি খুব সুখী হব ·· ··· যদি আমি ·· ···

ক) খুব মূল্যবান কিছু করতে পারি।
খ) প্রচুর উপার্জন করতে পারি।
গ) আমার নিজের নিয়ন্তা হতে পারি।

১৫. আমি তাদের প্রশংসা করতে পছন্দ করি ··· ···

ক) যারা নিজেদের জীবন সমাজ সেবায় উৎসর্গ করেছেন।
খ) যারা নিজেদের কর্মক্ষেত্রে সুনাম অর্জন করেছেন।
গ) যাদের জীবনে কিছু নীতি আছে।

১৬. যে কাজেই আমি হাত দেই না কেন ··· ···

ক) আমি আগেভাগে পরিকল্পনা করতে পছন্দ করি।
খ) সবচেয়ে ভালভাবে তা সম্পন্ন করতে পছন্দ করি।
গ) এর জন্য সম্পূর্ণ দায়িত্ব গ্রহণ করতে পছন্দ করি।

॥ দুই ॥

১৭, আমার প্রকৃতি হল ... ...

ক) জিনিষপত্র পরিস্কার ও গুছিয়ে রাখা।
খ) আমার বন্ধুদের জন্য কোন কিছু করা।
গ) এমন সব কাজে হাত দেয়া যাতে বিরাট দক্ষতার প্রয়োজন হয়।

১৮, আমি পছন্দ করি ... ... ...

ক) বিপদ গ্রস্থদের প্রতি বন্ধুভাবাপন্ন ও সহানুভূতিশীল হতে।
খ) কোন কাজ বা পেশায় সুবিশারদ হতে।
গ) আমার সকল কাজে নিয়মানুগ ( Seystematic ) হতে।

১৯, আমি সব সময়ই আগ্রহী ... ... ...

ক) মহৎ কারণের জন্য সংগ্রাম করতে।
খ অস্পৃশ্যতা ও অন্যান্য সামাজিক অনাচার দূর করতে।
গ) আমার গুণাবলী বিকশিত করতে।

২০. আমার ভাল লাগে যখন ... ...

ক) অন্যদেরকে আমার ব্যক্তিগত অভিজ্ঞতার কথা বলি।
খ) আমার উপর কঠিন কোন কাজের দায়িত্ব অর্পিত হয়।
গ) অন্যকে উপদেশ দিতে আমাকে অনুরোধ করা হয়।

২১. আমি মাঝে মাঝে আকাংখা করি ... ...

ক) আশ্চর্য্যজনক কৃতিত্বের অধিকারী হতে।
খ) একজন খুব ধনী ব্যক্তি হতে
গ) নিজস্ব সুখের জগতে ডুবে থাকতে।

২২. আমি সবচেয়ে সুখী হই যখন ... ...

ক) অন্যদেরকে সুখী করি।
খ) আমার কাজে সফল হই।
গ) অন্যান্যদের আকর্ষণের কেন্দ্র বিন্দুতে পরিণত হই।

২৩. আমি প্রায়ই ভাবি ... ...

ক) মহৎ কোন কিছু সম্পাদন করতে।
খ) দুঃস্থ বা রোগাক্রান্তদের সাহায্য করতে।
গ) একজন নেতার মত শ্রদ্ধেয় হতে।

২৪. আমি পছন্দ করি ... ...

ক) যারা আমাকে দুঃখ দেয় তাদেরকে ক্ষমা প্রদর্শনে সক্ষম হতে।
খ) এমন সব শব্দ ব্যবহারে সক্ষম হতে যার অর্থ অন্যরা জানেনা।
গ) অন্যদের চেয়ে ভালভাবে কোন কিছু করতে সক্ষম হতে।

২৫. আমি ... ... ...

ক) অসুখী হই যখন পরীক্ষায় পরম কৃতিত্ব দেখাতে ব্যর্থ হই।
খ) মর্মাহত হই যখন কারো মৃত্যু সংবাদ শুনি।
গ) রাগান্বিত হই যখন দেখি যে আমার বন্ধু বান্ধবদের প্রতি অবিচার করা হচ্ছে।

২৬. আমার জীবনের গোপন আকাংখা হল ... ...

ক) একটি সুখী দাম্পত্য জীবন উপভোগ করা।
খ) একটি উচ্চ বেতনের চাকুরী লাভ করা।
গ) কৃতিত্বের একটি উজ্জ্বল তালিকা সৃষ্টি করা।

২৭. আমি এমন কিছু করতে পছন্দ করি, যা ... ...

ক) অন্যরা খুব কমই করতে পারে।
খ) আমাকে সম্পদশালী করবে।
গ) অন্যরা নেতৃত্বের বহিঃপ্রকাশ বলে মনে করবে।

২৮, আমি অত্যন্ত তৃপ্তি পাই ... ...

ক) অন্যদেরকে তত্ত্বাবধান ও পরিচালনা করতে।
খ) বিশিষ্ট ব্যক্তিদের সংগ লাভ করতে।
গ) খুব কঠিন কাজ হাতে নিতে।

॥ তিন ॥

২৯. অধিকাংশ সামাজিক পরিস্থিতিতে ··· ···
ক) আমি প্রচলিত রীতিনীতির অনুসারী হতে চেষ্টা করি।
খ) আমি কিছুটা প্রচলিত রীতিনীতি না মানতে চেষ্টা করি।
গ) অন্যদের মনোযোগ আকর্ষণ করতে চেষ্টা করি।

৩০. আমার জীবনে আমি সবচেয়ে বেশী যা চাই তা হল ··· ···
ক) একটি আদর্শ পারিবারিক জীবন।
খ) এমন কিছু করতে যাতে কঠোর প্রচেষ্টার প্রয়োজন হয়।
গ) সমাজে একজন জনপ্রিয় ব্যক্তি হতে।

৩১. আমি পছন্দ করি, অন্যরা আমার সম্পর্কে ভাবুক যে আমি ··· ···
ক) খুব বুদ্ধিমান।
খ) খুব পরিশ্রমী।
গ) খুব ভাল স্বভাব বিশিষ্ট।

৩২. আমার মেধা বিচার করিতে আমি বিশ্বাস করি ··· ···
ক) আমার প্রাপ্ত নম্বরগুলো যথাযথ।
খ) আমার নম্বরগুলো আমার কাজের সুস্পষ্ট পরিচায়ক নয়।
গ) আমার শিক্ষকরা অন্যদের প্রতি পক্ষপাতদুষ্ট।

৩৩. আমি চাই ··· ··· ···
ক) আমার বাড়ীর পরিবেশ পড়াশুনার সহায়ক হোক।
খ) আমার কলেজের পরিবেশ আরো গণতান্ত্রিক হোক।
গ) আমার শহরের পরিবেশ আরো শান্ত ও স্বাস্থ্যকর হোক।

৩৪. আমি ··· ··· ···
ক) যথেষ্ট সময়নিষ্ঠা এবং কোথাও দেরী করিনা।
খ) যা কিছু করি তাতে যথেষ্ট পরিচ্ছন্ন এবং সংহত।
গ) সাহসী কিন্তু অপ্রয়োজনীয় বিপদ ও ঝুকি এড়িয়ে চলি।

৩৫. আমি সব সময়ই যত্নবান ··· ···
ক) আমার ব্যবহার দ্বারা সবাইকে সন্তুষ্ট করতে।
খ) আমি যে কাজে হাত দেই তাতে সবচেয়ে ভাল করতে।
গ) আমার নিজস্ব পদ্ধতিতে কাজকর্ম সম্পন্ন করতে।

৩৬. আমার সাধারণ প্রবণতা হচ্ছে ··· ···
ক) কোন কাজ শেষ না হওয়া পর্যন্ত তা চালিয়া যাওয়া।
খ) অন্যান্যদের অভিমতের চুলচেরা বিশ্লেষণ করা।
গ) আমার চালচলনে মার্জিত হওয়া।

৩৭. একটি কঠিন কাজ শুরু করার আগে ··· ···
ক) আমি অন্যদের পরামর্শ নেই।
খ) আমি এর বিস্তারিত পরিকল্পনা করি যাতে সাফল্যলাভ করতে পারি।
গ) যে সকল অসুবিধার উদ্ভব হতে পারে সেগুলোর কথা ভাবি।

৩৮. আমি উদ্বিগ্ন ··· ··· ···
ক) আমার নিজের ত্রুটিগুলো জানতে যাতে আমি সেগুলো সংশোধন করতে পারি।
খ) মহৎ তাৎপর্যের কোন কিছু করতে।
গ) অনেকের মাঝে আকর্ষণের বস্তু হতে।

৩৯. সাধারণভাবে আমাকে বর্ণনা করা যায় ··· ···
ক) আশাবাদী বলে।
খ) সহিষ্ণু বলে।
গ) বিনয়ী বলে।

৪০. আমি কষ্ট স্বীকার করি ··· ···
ক) অন্যদের অনুভূতিতে আঘাত না করতে।
খ) বাধা অতিক্রম করতে এবং একটি উচ্চমান লাভ করতে।
গ) অন্যদের দোষারোপ এড়িয়ে চলতে।

4

৪১. আমি প্রায়ই প্রলুব্ধ হই ... ...

ক) খুব কঠিন কাজ হাতে নিতে।
খ) নতুন জায়গা, নতুন মানুষ ও নতুন জিনিষপত্র দেখতে।
গ) যারা অসুখী তাদের প্রতি সহানুভূতিশীল হতে।

৪২. আমি নিশ্চিত যে দশ বছর পর ... ...

ক) আমি সত্যিকার স্বাধীনতা লাভ করব।
খ) আমি প্রচুর উপার্জন করব।
গ) আমার কর্মক্ষেত্রে একজন স্বীকৃত বিশেষজ্ঞ হব।

৪৩. আমি ... ... ...

ক) যে সকল মানুষ আমাকে দুঃখ দেয় তাদের প্রতি সহিষ্ণু।
খ) নৈতিকভাবে একজন দৃঢ়ব্যক্তি।
গ) কোন উচ্চ লক্ষ্যের জন্য কাজ করতে দৃঢ় প্রতিজ্ঞ।

৪৪. আমি উপভোগ করি ... ...

ক) কোন কঠিন সমস্যা সমাধানের জন্য নিরবচ্ছিন্ন দীর্ঘ কাজের পালা।
খ) আমোদপ্রিয় লোকজনের সংগ।
গ) শিশুদের সংঘ।

৪৫. আমি সুখ লাভ করি ... ...

ক) যদি কাউকে সাহায্য করার সুযোগ পাই।
খ) যদি আমি অন্যদেরকে চুটকী বলে আপ্যায়নের সুযোগ পাই।
গ) যখন একটি কঠিন কাজ সাফল্যের সাথে শেষ করি।

৪৬, আমি পছন্দ করি ... ...

ক) আমার বন্ধুবান্ধব ও বড়দের কাছ থেকে উৎসাহ পেতে।
খ) সহজ কোন কাজের চেয়ে কঠিন কোন কাজ করতে।
গ) বয়স্ক ও অভিজ্ঞ লোকদের সংঘ।

৪৭, আমি এড়িয়ে চলি ... ...

ক) উদ্দেশ্যবিহীন ও দায়িত্বহীন আনন্দ সন্ধানীদের।
খ) মানসিক বিভ্রান্তি ও বিশৃংখলা।
গ) সে সকল পরিস্থিতি যে গুলো প্রতিযোগিতা মূলক নয়।

৪৮, আমি বিপর্যস্ত বোধ করি ... যখন ... ...

ক) আমার কাজের জন্য আমাকে দোষারোপ করা হয়।
খ) আমার ইপ্সিত লক্ষ্যে পৌছাতে ব্যর্থ হই।
গ) আমাকে উপেক্ষা করা হয় কিংবা ভালবাসা না হয়।

৪৯. আমি বিশ্বাস করি যে ... ...

ক) প্রসিদ্ধ হওয়ার চেয়ে বিশ্বস্ত হওয়া ভাল।
খ) বিচারের চেয়ে ভালবাসা অধিকতর ন্যায় সংগত।
গ) আমার ভবিষ্যত আমার কিছু উল্লেখযোগ্য কাজের উপর নির্ভরশীল।

৫০, আমি সমাধান করতে চাই ... ...

ক) আমার দেশের আর্থ সামাজিক সমস্যা
খ) খুব জটিল ধাঁধাঁ ও সাধারণ জ্ঞানের সমস্যা।
গ) এমন সকল সমস্যা যে গুলো আমাকে মূল্যবান অভিজ্ঞতা প্রদান করবে।